

# ‡mB wefxwlKvi iv‡Z hyw\_Kv eo–qv

নতুন ঘরে নতুন সাজে  
গড়বে নতুন বাসর,  
পূর্ণ হবে মনের সাধ  
ধন্য হবে পতী পরমেশ্বর ।  
হঠাৎ যেন উঠল ঝড়  
মুম্বাই নগরীতে,  
আশঙ্কায় কাঁপে বুক  
দুঃসংবাদের স্রোতে ।  
চোরাগলির পথ ধরে  
সম্রাসীরা সব এলো ধেয়ে,  
টুকলো এসে ছদ্মবেশে  
প্রহরীর প্রাণটা গিলে খেয়ে ।  
করল আক্রমণ হোটেল তাজ-ওবেরয়  
বোমা-বারুদ আর মেশিংগানে,  
জ্বালিয়ে দিলো মুম্বাই শহর  
মরলো কতগুলি নীরিহ মানুষ-  
এমনিই অকারণে ।  
সন্ধ্যে পেরিয়ে রাত্রি ঘনায়  
এলো না সতীর পতী,  
আশঙ্কায় তার বুকটি শুকায়,  
এ কেমন বিধির নীতি?  
তবু রাখে জ্বলে আশার প্রদীপ  
হৃদিপদ্মের মাঝে,  
প্রবল বাতাস টুকলো এসে  
সতীর প্রদীপ গেল বুজে ।  
জ্বলছে তখন হোটেল তাজ  
পুড়ছে কত লাশ,  
কত নারীর পুড়লো কপাল  
নেই তার হিসাব নিকাশ!  
মুছে গেল কত সিঁথির সিঁদুর  
ধ্বংস হলো কত সংসার,  
অত্যাচারী সম্রাসীদের  
হবে না কভু বিচার ।

